# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 03 May, 2025

রাজধানীর পুরান পল্টনের সাব্বির টাওয়ার নামের একটি ভবনের টপ ফ্লোরে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। আগুন নিয়ন্ত্রণে ফায়ার সার্ভিসের ৬টি ইউনিট কাজ করছে শনিবার (৩ মে) রাতে ফায়ার সার্ভিস সদর দফতরের মিডিয়া সেলের কর্মকর্তা আনোয়ারুল ইসলাম দোলন এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, রাত ৮টা ২৫ মিনিটে আগুন লাগার খবর পায় ফায়ার সার্ভিস। খবর পেয়ে প্রথম ইউনিট রাত ৮টা ৩২ মিনিটে ঘটনাস্থলে পৌঁছায়। বর্তমানে ছয়টি ইউনিট আগুন নিয়ন্ত্রণে কাজ করছে।

আগুন লাগার কারণ ও ক্ষয়ক্ষতির পরিমাণ তাৎক্ষণিকভাবে জানা যায়নি। প্রাথমিকভাবে কোনও হতাহতের ঘটনা ঘটেনি বলেও নিশ্চিত করেছেন ফায়ার সার্ভিসের এই কর্মকর্তা।

রাজধানী ফায়ার সার্ভিস অগ্নিকাণ্ড

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 20:58

URL: https://www.timestodaybd.com/national/7758071846